

# নতুন অর্থবছরের বাজেট পাস

জুন ৩০, ২০১৪ |

জাতীয় সংসদে আগামী মঙ্গলবার থেকে শুরু হওয়া নতুন ২০১৪-১৫ অর্থবছরের বাজেট পাস হয়েছে। বর্তমান সরকারের প্রথম বাজেটে আলোচনার জন্য এবার সংসদে বিরোধী দল জাতীয় পার্টি ও স্বতন্ত্র সদস্যরা উপস্থিত থেকে আলোচনায় অংশ নেন।

স্পিকার শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে গতকাল সকাল ১০টায় অধিবেশন শুরু হয়। অধিবেশনে চলতি অর্থবছরে দুই লাখ ৫০ হাজার ৫০৬ কোটি টাকার জাতীয় বাজেট পাস হয়। এই বাজেটে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) ধরা হয়েছে ৮০ হাজার ৩১৫ কোটি টাকা। তবে স্বায়ত্তশাসিত সংস্থার নিজস্ব অর্থায়নে এডিপিতে পাঁচ হাজার ৬৮৫ কোটি ৪৮ টাকার কর্মসূচি রয়েছে। সব মিলে ২০১৪-১৫ অর্থবছরের এডিপিতে মোট খরচ দেখানো হচ্ছে ৮৬ হাজার কোটি টাকা। নতুন বছরে অনুন্নয়ন ব্যয়ের পরিমাণ ধরা হয়েছে এক লাখ ৫৪ হাজার ২৪১ কোটি টাকা।

নির্দিষ্টকরণ বিল পাস: আগামী অর্থবছরের বাজেট ব্যয়ের বাইরে সরকারের বিভিন্ন ধরনের সংযুক্ত দায় মিলিয়ে মোট তিন লাখ ৮২ হাজার ৩৪০ কোটি ১ লাখ ২১ হাজার টাকার নির্দিষ্টকরণ বিল জাতীয় সংসদে কণ্ঠভোটে গতকাল পাস করা হয়েছে।

বাজেটের অঙ্ক: আগামীকাল থেকে শুরু হওয়া ২০১৪-১৫ অর্থবছরের জন্য পাস হওয়া বাজেট ব্যয় দুই লাখ ৫০ হাজার ৫০৬ কোটি টাকার মধ্যে রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা হচ্ছে এক লাখ ৮২ হাজার ৯৫৪ কোটি টাকা। ফলে সামগ্রিক বাজেট ঘাটতি দাঁড়াচ্ছে ৬১ হাজার ৩৪৬ কোটি টাকা। অর্থাৎ মোট দেশজ উৎপাদনের তুলনায় ঘাটতি ধরা হয়েছে ৪ দশমিক ৫ শতাংশ। তবে অনুদান বাদ দিলে ঘাটতি গিয়ে দাঁড়াবে ৬৭ হাজার ৫৫২ কোটি টাকায়। শতকরা হিসাবে যা ৫ শতাংশ। প্রস্তাবিত বাজেটে ছয় হাজার ২০৬ কোটি টাকার অনুদান পাওয়া যাবে বলে ধরে নেওয়া হয়েছে।